



ইরান কখনও যুক্তরাষ্ট্রের কাছে মাথানত করবে না, লড়াই চালিয়ে যাবে: খামেনি



সংগৃহীত ছবি

ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি বলেছেন, যুক্তরাষ্ট্র ও তার মিত্রদের চাপের মুখেও ইসলামিক প্রজাতন্ত্র মাথানত করবে না। তিনি ইরানি জাতিকে ঐক্যবদ্ধ থেকে মার্কিন আধিপত্যবাদ মোকাবেলার আহ্বান জানান।

ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি রবিবার রাজধানী তেহরানের এক মসজিদে দেওয়া ভাষণে স্পষ্ট করে বলেন, “ইরান কখনোই যুক্তরাষ্ট্রের কাছে মাথানত করবে না।” পরে তার এ বক্তব্য সরকারি ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

তিনি অভিযোগ করেন, যুক্তরাষ্ট্র ও ইসরায়েল মিলিতভাবে ইরানের পারমাণবিক স্থাপনা টার্গেট করে সাম্প্রতিক হামলা চালিয়েছে, যা ইসলামিক প্রজাতন্ত্রকে অস্তিত্বশীল করার বৃহত্তর পরিকল্পনার অংশ। ইসরায়েলের সঙ্গে টানা ১২ দিনের যুদ্ধ শেষে মাত্র দুই মাসের মাথায় এই সতর্কবার্তা দিলেন খামেনি। সেই যুদ্ধে মার্কিন বাহিনী সীমিতভাবে অংশ নিয়ে ইরানের তিনটি পারমাণবিক স্থাপনায় বান্ধার বাস্টার বোমা নিক্ষেপ করেছিল।

খামেনি বলেন, ইরান তার স্বাধীনতা ও সার্বভৌম সিদ্ধান্ত থেকে সরে আসবে না। বরং জাতিকে ঐক্যবদ্ধ হয়ে যুক্তরাষ্ট্রের আধিপত্যবাদের বিরুদ্ধে দাঁড়ানোর আহ্বান জানান তিনি। একইসঙ্গে তিনি ইঙ্গিত দেন, ইরান তাদের পারমাণবিক কর্মসূচি নিয়ে শক্তিশালী দেশগুলোর সঙ্গে নতুন আলোচনায় বসবে, তবে কোনো চাপ বা হুমকির কাছে নতি স্বীকার করবে না।